

## দরদী মন নিয়ে রোগীর সেবা দিন: উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেছেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসন নার্সিং সেবার মান উন্নয়নে নানামুখী উদ্যোগ নিয়েছে। নার্সিং আফিসার, সিনিয়র স্টাফ নার্সসহ সকল পর্যায়ের নার্সদের সাথে বিভিন্ন সময়ে মতবিনিময় সভা করা হয়েছে। সিনিয়র নার্সিং কর্মকর্তাদের মাধ্যমে রাউন্ডের ব্যবস্থা করা হয়েছে। রোগীদের সাথে হাসিমুখে কথা বলা, রোগীদের নিজ হাতে ওষুধ খাওয়ানো এবং রোগীরা কেমন আছেন সে কুশলাদি বিনিময়ের জন্য নার্সদের নির্দেশ দেয়া হয়েছে। রোগীদের সাথে এমন আচরণ করা যাবে না যাতে তাঁরা অসন্তুষ্ট হয় এবং অভিযোগ দিতে বাধ্য হন। দরদী মন নিয়ে আপনজন মনে করে পরম মমতায় রোগীদেরকে সেবা দিতে হবে। রোগীরা যাতে চিকিৎসাসেবা নিয়ে সন্তুষ্ট হয়ে বাড়ি ফিরে যেতে পারেন তা সংশ্লিষ্ট সবাইকে সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে নিশ্চিত করতে হবে। আজ বুধবার ৭ ফেব্রুয়ারি ২০১৮ইং তারিখ, সকালে মাননীয় উপাচার্য মহোদয়ের কার্যালয়ে এ বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট নার্সিং বিভাগের ৩য় ব্যাচের মেধাবী নার্সদের নিয়োগপত্র প্রদানকালে মাননীয় উপাচার্য মহোদয় এসব কথা বলেন। মেধাবী ছাত্রছাত্রীরা প্রতিযোগিতামূলক ভর্তি পরীক্ষার মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট নার্সিং বিভাগে ভর্তির সুযোগ পান। এ বিশ্ববিদ্যালয়ে ৪ বছর অধ্যয়নের সকল পরীক্ষায় উত্তীর্ণ ও ৬ মাসের ইন্টার্নশিপ সম্পন্ন করাসহ বাংলাদেশ নার্সিং এন্ড মিডিওয়াইফারি কাউন্সিলের পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরই তাঁরা নার্স হিসেবে চাকুরি করার যোগ্যতা অর্জন করেন। নিয়োগপত্র প্রদানকালে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (মানবসম্পদ) ডা. জামাল উদ্দিন খলিফা, গ্রাজুয়েট নার্সিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মেবেল ডি রোজারিও, চীফ এস্টেট অফিসার ও বিএসসি নার্সিং ডেভেলপমেন্ট কমিটির সদস্য সচিব ডা. এ কে এম শরীফুল ইসলাম, উপ-রেজিস্ট্রার ডা. শেখ আব্দুল্লাহ আল মামুন, সেবা তত্ত্বাবধায়ক সান্তানা রাণী দাস, অতিরিক্ত সেবা তত্ত্বাবধায়ক হালিমা বেগম প্রমুখ।

